দৈনিক আমাদের সময়

তারিখ ... 17 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# পীরগঞ্জ ফাজিল মাদ্রাসার প্রভাষক শাহনুর দেড় বছর ধরে নিখোঁজ

**মো. কামরুল হাসান জুয়েল, পীরগঞ্জ ●**

রংপুরের পীরগঞ্জ উপজেলা সদরের ফাজিল মাদ্রাসার ইংরেজি বিষয়ের প্রভাষক শাহনুর মণ্ডল প্রায় দেড় বছর ধরে রহস্যজনকভাবে নিখোঁজ রয়েছেন। এমনকি তার কর্মস্থলেও অনুপস্থিত রয়েছেন তিনি। এ ব্যাপারে থানায় লিখিতভাবে অভিযোগ করেছেন ওই মাদ্রাসার অধ্যক্ষ। জানা গেছে, উপজেলার কাবিলপুর ইউনিয়নের বেতকাপা গ্রামের আজিজার রহমান মণ্ডলের ছেলে শাহনুর মণ্ডল ২০১১ সালের ১৫ নভেম্বর পীরগঞ্জ ফাজিল মাদ্রাসায় ইংরেজি বিষয়ের প্রভাষক পদে নিয়োগ পান। নিয়োগ পাওয়ার পর তিনি স্ত্রী রেফা খাতুন ও শ্যালিকা রেশমা খাতুনকে নিয়ে উপজেলা সদরের প্রজাপাড়া গ্রামের একটি বিলাসবহুল ভাড়া বাসায় বসবাস শুরু করেন। শিক্ষকতার পাশাপাশি শাহনুর মণ্ডল সরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য 'অপটিমিস্টিক' নামে একটি কোচিং সেন্টারও চালু করেন। প্রথম বছর ওই কোচিং সেন্টারের ৩-৪ জন প্রাথমিক বিদ্যালয়ে চাকরি পাওয়ায় দ্রুতই তার নামডাক ছড়িয়ে পড়ে। সঙ্গে সঙ্গে চাকরিপ্রত্যাশীরা ওই কোচিং সেন্টারে হুমড়ি খেয়ে পড়ে। ওই সুযোগে শাহনুর মণ্ডল চাকরি দেওয়ার প্রলোভনে প্রায় ২ কোটি টাকা হাতিয়ে নেন বলে অভিযোগ রয়েছে। এর পর শাহনুর মণ্ডল মাদ্রাসায় যাওয়া বন্ধ করে পরিবার নিয়ে নিরুদ্দেশ হয়ে যান। এর পর থেকেই তার ব্যবহৃত মোবাইল ফোন (০১৮২৩০২২২২১) বন্ধ রয়েছে।



মাদ্রাসা পরিচালনা কমিটি ২০১৫ সালের ১৫ নভেম্বর চাকরি থেকে তাকে সাময়িকভাবে বরখাস্ত করেন। এর পর মাদ্রাসা কর্তৃপক্ষ তার গ্রামের বাড়িসহ নিকটাত্মীয়ের বাড়িতে খোঁজ নিয়ে তার সন্ধান না পাওয়ায় মাদ্রাসার অধ্যক্ষ রুহুল আমীন সম্প্রতি পীরগঞ্জ থানায় জিডি করেন। অধ্যক্ষ জানান, মাদ্রাসায় ইংরেজি বিষয়ে আর কোনো শিক্ষক না থাকায় প্রক্সি শিক্ষক দিয়ে ক্লাস চালানো হচ্ছে। এভাবে দীর্ঘ সময় নিখোঁজ থাকায় জনমনে নানা সন্দেহের জন্ম দিচ্ছে। সাম্প্রতিক সময়ের জঙ্গি কর্মকাণ্ডে শাহনুর জড়িত কিনা বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন বলে মনে করছেন স্থানীয়রা। শাহনুরের বৃদ্ধ বাবা জানান, তার ছেলে কোথায় তিনি জানেন না। দীর্ঘদিন ধরে তিনি বাবা-মায়ের সঙ্গে যোগাযোগ রাখেন না। কেন রাখেনি সেটিও জানেন না তিনি। ছেলে জীবিত না মৃত তাও তার জানা নেই।